**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

**সংবাদ গতিধারা**
**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**
**সংখ্যা-১৫৮/২০১৯-২০২০**
**ঢাকা ৩ ফেব্রুয়ারি সোমবার ২০২০, ২০ মাঘ ১৪২৬**

**আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে**

১। দেশের শিল্প-সংস্কৃতিকে বিশ্ব দরবারে পৌঁছাতে চাই : একুশে বইমেলা উদ্বোধনকালে প্রধানমন্ত্রী
২। চতুর্থ শিল্পবিপ্লবের জন্য দক্ষ জনশক্তি জরুরি : আইডিইবি সম্মেলনে প্রধানমন্ত্রী
৩। চারদিনের সফরে প্রধানমন্ত্রী ইতালি যাচ্ছেন আগামীকাল
৪। সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরকে দেখতে হাসপাতালে রাষ্ট্রপতি
৫। আশ্রয়গ্রহণকারী প্রায় ১২ লাখ রোহিঙ্গার বায়োমেট্রিক সম্পন্ন : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী
৬। সরকার প্রতিবেশী দেশের সঙ্গে সহযোগিতার মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে বিশ্বাসী : সংসদে পররাষ্ট্রমন্ত্রী
৭। উৎসবমুখর শান্তিপূর্ণ সিটি নির্বাচনে জনগণ ভোটের মাধ্যমে বিএনপিকে প্রত্যাখ্যান করেছে : তথ্যমন্ত্রী
৮। বিডিএফ সম্মেলনে ৪২৫ কোটি ডলারের ঋণ-অনুদানের প্রতিশ্রুতি পাওয়া গেছে : অর্থমন্ত্রী
৯। করোনাভাইরাস সংক্রমণ ঠেকাতে চীনা নাগরিকদের অন-অ্যারাইভাল ভিসা স্থগিত : সংবাদসম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী
১০। করোনাভাইরাস প্রতিরোধে স্থল, নৌ ও বিমানবন্দরে সতর্কতামূলক ব্যবস্থা
১১। ঢাকা-চট্টগ্রাম রুটে চলবে বুলেট ট্রেন : চট্টগ্রামে রেলমন্ত্রী
১২। নিরাপদ খাদ্য নিশ্চিতে সরকার বদ্ধপরিকর: নিরাপদ খাদ্য দিবসের অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী
১৩। জলবায়ু পরিবর্তনে বাংলাদেশ হুমকির মুখে : পরিবেশমন্ত্রী
১৪। এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু আজ
১৫। বসানো হলো পদ্মাসেতুর ২৩তম স্প্যান : দৃশ্যমান তিন হাজার ৪৫০ মিটার

**১। দেশের শিল্প-সংস্কৃতিকে বিশ্ব দরবারে পৌঁছাতে চাই : একুশে বইমেলা উদ্বোধনকালে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাঁর সরকার বাংলাদেশের শিল্প-সংস্কৃতি-সাহিত্যের মান আরো উন্নত করে সারাবিশ্বে তা ছড়িয়ে দিতে চায়। গতকাল (২ ফেব্রুয়ারি রোববার) রাজধানীর বাংলা একাডেমি প্রাঙ্গণে অমর একুশে গ্রন্থমেলা-২০২০ উদ্বোধনকালে তিনি আরো বলেন, অমর একুশে বইমেলার মধ্য দিয়ে আমাদের শিল্প-সংস্কৃতিকে কেবল বাংলাদেশের মধ্যেই নয়, বিশ্ব দরবারে পৌঁছাতে চাই। প্রধানমন্ত্রী বলেন, আমাদের সাহিত্য আরো অনুবাদ হোক। বিশ্বের বিভিন্ন ভাষাভাষী মানুষ আমাদের সাহিত্যকে জানুক, আমাদের সংস্কৃতিকে জানুক, সেটাই আমরা চাই। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (শেষ পৃ,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

**২। চতুর্থ শিল্পবিপ্লবের জন্য দক্ষ জনশক্তি জরুরি : আইডিইবি সম্মেলনে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জনগণকে দক্ষ মানবসম্পদে পরিণত করতে তার সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে, যাতে তারা চতুর্থ শিল্পবিপ্লবে (আইআর) যোগ দিতে সক্ষমতা অর্জন করতে পারে। গতকাল (২ ফেব্রুয়ারি রোববার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে (বিআইসিসি) ২৩তম আইডিইবি জাতীয় সম্মেলন এবং 'স্কিলস রেডিনেস ফর অ্যাচিভিং এসডিজি অ্যান্ড অ্যাডপটিং আইআর ৪.০'-বিষয়ক তিন দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, অপরিকল্পিত শিল্পায়নের জন্য যাতে কোনো আবাদি জমি নষ্ট না হয় সে জন্য তার সরকার সারাদেশে ১০০টি বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করছে। এসব অর্থনৈতিক অঞ্চলে বিপুলসংখ্যক কর্মসংস্থান সৃষ্টি হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক১), **সংবাদ** ( পৃ.১,ক.৫), **নিউজ টুডে** ( শেষ পৃ,ক.৫)।

**৩। চারদিনের সফরে প্রধানমন্ত্রী ইতালি যাচ্ছেন আগামীকাল**

ইতালির প্রধানমন্ত্রী জিউসেপ কন্টির আমন্ত্রণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা চারদিনের সফরে আগামীকাল ৪ ফেব্রুয়ারি মঙ্গলবার সকালে রোমের উদ্দেশে রওনা হবেন। প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের নিয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট ইতালির রাজধানী রোমের উদ্দেশে হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করবে। সফরকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৫ ফেব্রুয়ারি ইতালির প্রধানমন্ত্রীর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। বিমানবন্দরে সংবর্ধনা শেষে আনুষ্ঠানিক মোটরশোভাযাত্রা সহকারে প্রধানমন্ত্রীকে পার্কো দে প্রিন্সিপি গ্র্যান্ড হোটেল অ্যান্ড স্পায় নিয়ে যাওয়া হবে। ইতালি সফরকালে তিনি সেখানে অবস্থান করবেন। সূত্র-**যুগান্তর** ( শেষ পৃ,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক৪)।

**৪। সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরকে দেখতে হাসপাতালে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ গতকাল (২ ফেব্রুয়ারি রোববার) সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরকে দেখতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল ইউনিভার্সিটি হাসপাতালে যান। তিনি কিছু সময় ওবায়দুল কাদেরের শয্যাপাশে অবস্থান করেন। রাষ্ট্রপতি উপস্থিত চিকিৎসকদের সঙ্গে কথা বলেন এবং ওবায়দুল কাদেরের দ্রুত আরোগ্য কামনা করেন। চিকিৎসকরা রাষ্ট্রপতিকে জানান, ওবায়দুল কাদেরের অবস্থা এখন ভালো এবং শীঘ্রই তিনি হাসপাতাল থেকে ছাড়া পাবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

**৫। আশ্রয়গ্রহণকারী প্রায় ১২ লাখ রোহিঙ্গার বায়োমেট্রিক সম্পন্ন : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, বাংলাদেশে আশ্রয় গ্রহণকারী ১১ লাখ ৯১ হাজার ৭২৪ জন মিয়ানমারের নাগরিকের বায়োমেট্রিক সম্পন্ন করা হয়েছে। গতকাল (২ ফেব্রুয়ারি রোববার) সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** ( শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৭)।

**৬। সরকার প্রতিবেশী দেশের সঙ্গে সহযোগিতার মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে বিশ্বাসী : সংসদে পররাষ্ট্রমন্ত্রী**

বর্তমান সরকার প্রতিবেশী দেশসমূহের সঙ্গে সহযোগিতার মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে বিশ্বাসী। প্রতিবেশী দেশসমূহের সঙ্গে আন্তঃসংযোগ দক্ষিণ এশিয়ার দেশসমূহের অধিকতর শান্তি ও সমৃদ্ধি নিশ্চিত করার অন্যতম চাবিকাঠি। বাংলাদেশ দক্ষিণ এশিয়ার একটি কৌশলগত অবস্থানে এবং দক্ষিণ এশিয়া ও দক্ষিণপূর্ব এশিয়ার মিলনস্থলে অবস্থিত হওয়ায় আন্তঃসংযোগ স্থাপনের মাধ্যমে বাংলাদেশেরই উপকৃত হওয়ার সুযোগ বেশি বলে প্রতীয়মান হয়। গতকাল (২ ফেব্রুয়ারি রোববার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে এসব কথা বলেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

**৭। উৎসবমুখর শান্তিপূর্ণ সিটি নির্বাচনে জনগণ ভোটের মাধ্যমে বিএনপিকে প্রত্যাখ্যান করেছে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, উৎসবমুখর শান্তিপূর্ণ সিটি নির্বাচনে জনগণ ভোটের মাধ্যমে বিএনপিকে প্রত্যাখ্যান করেছে। প্রতিবেশী দেশগুলোর তুলনায় বাংলাদেশের ইতিহাসে এবং পৃথিবীর অন্যতম বৃহৎ নগর প্রায় দুই কোটি মানুষ ও ৫৪ লাখ ভোটারের ঢাকায় অত্যন্ত শান্তিপূর্ণ, উৎসবমুখর, নির্ঝঞ্ঝাট নির্বাচন হয়েছে। বিএনপির ডাকা হরতালে সাড়া না দিয়ে প্রত্যাখ্যানের মাধ্যমে জনগণ দলটির সব অভিযোগও প্রত্যাখ্যান করেছে। গতকাল (২ ফেব্রুয়ারি রোববার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে সদ্য অনুষ্ঠিত ঢাকা সিটি করপোরেশন নির্বাচন বিষয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**৮। বিডিএফ সম্মেলনে ৪২৫ কোটি ডলারের ঋণ-অনুদানের প্রতিশ্রুতি পাওয়া গেছে : অর্থমন্ত্রী**

বাংলাদেশ উন্নয়ন ফোরাম বিডিএফ ২০২০ সম্মেলনে অর্থায়নের প্রতিশ্রুতি পাওয়া গেছে। বিশ্বব্যাংক, গ্লোবাল ক্লাইমেট ফান্ড ও জাইকার মাধ্যমে প্রায় ৪২৫ কোটি ডলার ঋণ ও অনুদান পাওয়া যাবে। টাকার অংকে এ ঋণ ও অনুদানের পরিমাণ প্রায় ৩৬ হাজার কোটি। প্রকল্প নির্দিষ্ট করা হলে বিভিন্ন মেয়াদে এ অর্থ দেশে আসা শুরু হবে। গতকাল (২ ফেব্রুয়ারি রোববার) শেরেবাংলানগরে অর্থমন্ত্রীর কার্যালয়ে আয়োজিত এক সংবাদসম্মেলনে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এসব কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** ( শেষ পৃ,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** ( শেষ পৃ,ক.২)।

**৯। করোনাভাইরাস সংক্রমণ ঠেকাতে চীনা নাগরিকদের অন-অ্যারাইভাল ভিসা স্থগিত : সংবাদসম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, বাংলাদেশে করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে ঢাকায় চীনের নাগরিকদের অন অ্যারাইভাল ভিসা সুবিধা সাময়িকভাবে বন্ধের সিদ্ধান্ত নিয়েছে সরকার। গতকাল (২ ফেব্রুয়ারি রোববার) এক সংবাদসম্মেলনে তিনি এ কথা বলেন। পররাষ্ট্রমন্ত্রী আরো বলেন, বাংলাদেশে যেসব চীনা নাগরিক থাকেন, তাদেরকে মাসখানেক চীনে যেতে বারণ করা হয়েছে। একইসঙ্গে দেশে চলমান প্রকল্পগুলোর কাজে নতুন করে কোনো চীনা নাগরিককে না আনতে বলা হয়েছে। পুরো বিষয়টি নিয়ে ঢাকাস্থ চীনের রাষ্ট্রদূতের সঙ্গে সরকারের সংশ্লিষ্ট প্রতিনিধিদের আলাপ হয়েছে। ভাইরাসের সংক্রমণ ঠেকাতেই সরকার সতর্কতামূলক এসব পদক্ষেপ নিয়েছে। সাময়িক এসব পদক্ষেপে বাণিজ্যিক খাতে কোনো ধরনের চাপ সৃষ্টি হবে না বলেও জানান তিনি। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** ( শেষ পৃ,ক.৬)।

**১০। করোনাভাইরাস প্রতিরোধে স্থল, নৌ ও বিমানবন্দরে সতর্কতামূলক ব্যবস্থা**

বিমানবন্দরের পাশাপাশি করোনাভাইরাস নিয়ে সতর্কতামূলক ব্যবস্থা নিয়েছে নৌপরিবহণ মন্ত্রণালয়ের আওতাধীন চট্টগ্রাম, মোংলা, পায়রা নৌবন্দর এবং বেনাপোল স্থলবন্দরসহ অন্য বন্দরগুলো। চট্টগ্রাম, মোংলা ও পায়রা বন্দরে দু'স্তরের ব্যবস্থা নেওয়া হয়েছে। থার্মাল ও কোয়ারেন্টাইন টেস্টের ব্যবস্থা রাখা হয়েছে। সতর্কতার অংশ হিসেবে চীনা নাগরিকদের জন্য 'অন অ্যারাইভাল' ভিসা সুবিধাও স্থগিত করা হয়েছে। গতকাল (২ ফেব্রুয়ারি রোববার) নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে নৌপরিবহণ মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয়ের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন-সংক্রান্ত বৈঠকে এসব তথ্য জানানো হয়। **সূত্র-সমকাল (পৃ.১,ক.৮),** যুগান্তর **(পৃ.৭,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৫)।**

**১১। ঢাকা-চট্টগ্রাম রুটে চলবে বুলেট ট্রেন : চট্টগ্রামে রেলমন্ত্রী**

রেলের উন্নয়নের কথা উল্লেখ করে রেলমন্ত্রী নূরুল ইসলাম সুজন বলেছেন, রেলওয়ে এক সময় স্বকীয়তা হারাতে বসেছিল। কিন্তু প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুদূরপ্রসারী পরিকল্পনায় এ রেল আবারও সগৌরবে ফিরে এসেছে। প্রধানমন্ত্রীর কয়েকটি মেগা প্রকল্পের মধ্যে কক্সবাজার রেলপ্রকল্পও একটি। তাঁর নির্দেশেই ঢাকায় মেট্রো ট্রেন, ঢাকা-চট্টগ্রাম রুটে বুলেট ট্রেন চালুর কাজ চলছে। তিনি এ রেল ব্যবস্থাকে যুগোপযোগী করার জন্য সব রকমের ব্যবস্থা নিয়েছেন। গতকাল (২ ফেব্রুয়ারি রোববার) চট্টগ্রামে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.৪,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬) ।

**১২। নিরাপদ খাদ্য নিশ্চিতে সরকার বদ্ধপরিকর: নিরাপদ খাদ্য দিবসের অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী**

জনগণের জন্য নিরাপদ খাদ্য নিশ্চিতে এখনও সম্পূর্ণ সফলতা অর্জিত হয়নি বলে মন্তব্য করেছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। তবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ এবং ভেজাল প্রতিরোধে যথেষ্ট অগ্রগতি সাধন হয়েছে বলে জানান তিনি। গতকাল (২ ফেব্রুয়ারি রোববার) জাতীয় নিরাপদ খাদ্য দিবসের অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। নতুন প্রজন্মকে ভেজাল খাদ্যের হাত থেকে রক্ষায় সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়ে তিনি বলেন, সবার জন্য নিরাপদ খাদ্য নিশ্চিতে সরকার বদ্ধপরিকর। সূত্র **সমকাল** (পৃ.৪,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭), **ডেইলি সান** (পৃ.২,ক.৭)।

**১৩। জলবায়ু পরিবর্তনে বাংলাদেশ হুমকির মুখে : পরিবেশমন্ত্রী**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়কমন্ত্রী মো. শাহাব উদ্দিন বলেছেন, জলবায়ু পরিবর্তন বিশ্বের জন্য হুমকি। বাংলাদেশ সে হুমকির মধ্যে থাকা দশটি দেশের একটি। সমুদ্র পৃষ্ঠের পানির উচ্চতা বৃদ্ধি পাচ্ছে যা আমাদের প্রকৃতিকে বিপর্যয়ের দিকে নিয়ে যাচ্ছে। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রতিক্রিয়া থেকে আমাদের দেশকে রক্ষা করতে হবে। গতকাল (২ ফেব্রুয়ারি রোববার) শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** ( শেষ পৃ,ক.৫), **সমকাল** (পৃ.৪,ক.৬)।

**১৪। এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু আজ**

দেশজুড়ে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে আজ (৩ ফেব্রুয়ারি সোমবার) । প্রথম দিন সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত অনুষ্ঠিত হবে বাংলা প্রথম পত্র পরীক্ষা। এ বছর নয়টি সাধারণ বোর্ডের এসএসসি, মাদ্রাসার দাখিল ও কারিগরি বোর্ডের এসএসসি ভোকেশনালে মোট পরীক্ষার্থী ২০ লাখ ৪৭ হাজার ৭৯৯। বিদেশের আটটি কেন্দ্রে পরীক্ষা দেবে ৩৪২ জন। শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি পরীক্ষার প্রথম দিন আজ সকালে রাজধানীর তেজগাঁও গভর্মেন্ট গার্লস স্কুল কেন্দ্র পরিদর্শন করবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সমকাল** ( শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**১৫। বসানো হলো পদ্মাসেতুর ২৩তম স্প্যান : দৃশ্যমান তিন হাজার ৪৫০ মিটার**

গতকাল (২ ফেব্রুয়ারি রোববার) জাজিরা প্রান্তের ৩১ ও ৩২ নম্বর খুঁটির ওপর বসানো হলো পদ্মাসেতুর ২৩তম স্প্যান। এ নিয়ে ৬.১৫ কিলোমিটার সেতুর মূল অবকাঠামোর মধ্যে দৃশ্যমান হলো তিন হাজার ৪৫০ মিটার। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৩), **বাংলাদেশ টুডে** ( শেষ পৃ,ক.৫)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** সরকারি কর্ম কমিশন সুপারিশ করার পরও চূড়ান্ত নিয়োগ পাননি ৩৯তম বিসিএস উত্তীর্ণ ৫৭ জন চিকিৎসক উল্লেখ করে অবিলম্বে এদের নিয়োগ দানের সুপারিশ।

খ. **সমকাল, যুগান্তর :** আজ থেকে শুরু হওয়া এসএসসি ও সমমানের পরীক্ষা শান্তিপূর্ণ ও নির্বিঘ্নভাবে সম্পন্ন হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**গ.** **যায়যায়দিন :** আমানতের সুদহার বেড়ে যাওয়া ও সঞ্চয়পত্র কেনায় কড়াকড়ি আরোপের ফলে ব্যাংকে আমানত বেড়েছে উল্লেখ করে ব্যাংক খাতের সার্বিক অগ্রগতি বজায় রাখতে যথাযথ উদ্যোগ অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **জনকণ্ঠ :** খাদ্যে ভেজাল রোধে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **সংবাদ** : চাল-ডালসহ বিভিন্ন নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম আবারও বেড়েছে উল্লেখ করে ব্যবসায়ী ও সংশ্লিষ্ট প্রশাসনের আন্তরিক প্রচেষ্টা এবং জনগণের সার্বিক সহযোগিতায় দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি নিয়ন্ত্রণে রাখার ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট** : ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করে নির্বাচিত জনপ্রতিনিধিরা জনগণকে একটি সুন্দর ঢাকা উপহার দেবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ছ. **নিউ নেশন** : মাদকের বিরুদ্ধে সর্বাত্মক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান।

**উপ-সম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, প্রকৃত মুক্তিযোদ্ধাদের চূড়ান্ত তালিকা প্রকাশ এবং অ-মুক্তিযোদ্ধাদের তালিকা থেকে বাদ দেওয়া রাষ্ট্রের নৈতিক দায়িত্ব ও কর্তব্য।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'রাজধানীর যানজট নিরসনে জরুরি পদক্ষেপ নিতে হবে'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, যানবাহন চলাচলে শৃঙ্খলা প্রতিষ্ঠিত করা সম্ভব হলে রাজধানীতে যানজটের রাশ টেনে ধরা সম্ভব।

#

ডালিয়া/মরজিনা/ সেলিনা/সাঈদা/মাসুম/২০২০/৯.০০ঘন্টা